অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/30/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নতুন আমেরিকানদের ন্যাচারালাইজেশন ও অন্যান্য আইনি সেবার সমর্থনে 8.7 মিলিয়ন মার্কিন ডলার নতুন অনুদান ঘোষণা করলেন

নতুন অনুদানগুলি নিউ ইয়র্ক স্টেটে নতুন আসা মানুষদের সমর্থন করবে, যার মধ্যে আফগানিস্তান ও ইউক্রেন থেকে আসা মানুষ অন্তর্ভুক্ত হবে

অর্থবছর 23 এর প্রণীত বাজেট সার্বিক ONA তহবিল বৃদ্ধি করে 20 মিলিয়ন মার্কিন ডলার করেছে

গভর্নর হোকল জুনকে অভিবাসী হেরিটেজ মাস হিসেবে স্বীকৃতি দান করে একটি ইস্তেহার জারি করেছেন

গভর্নর হোকল আজকে স্টেটব্যাপী নতুন আমেরিকানদের বিনামূল্যে সেবা দানের জন্য স্টেট ডিপার্টমেন্টের (Department of State) নতুন আমেরিকানদের অফিসের (Office for New Americans, ONA) মাধ্যমে অলাভজনক, সম্প্রদায়ভিত্তিক সেবাদানকারীদের জন্য 8.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে সেই ঘোষণা করলেন। নতুন অনুদানটি ONA-র স্টেটব্যাপী সুযোগ কেন্দ্রের (Opportunity Centers) নেটওয়ার্ককে সমর্থন করবে মার্কিন নাগরিক হয়ে উঠার পথে অভিবাসী ও রিফিউজিদেরকে ন্যাচারালাইজেশনের আবেদনে এবং নাগরিক পরীক্ষার প্রস্তুতিতে সহায়তা করার জন্য। অনুদানগুলি এছাড়াও ONA-র লিগ্যাল কাউন্সেলসকে (Legal Counsels) সহায়তা করবে, এটি অভিজ্ঞ অভিবাসন অ্যাটর্নিদের নিয়ে এমন একটি কর্মসূচি যা প্রয়োজন আছে এমন সকল অভিবাসীদেরকে বিনামূল্যে অভিবাসনের আইনি সহায়তা প্রদান করে, যার মধ্যে আফগানিস্তান ও ইউক্রেন থেকে আসা নতুনরা অন্তর্ভুক্ত হবে।

এছাড়াও নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্র্যপূর্ণ বুননে অভিবাসীদের অবদানের গুরুত্বের স্বীকৃতিতে গভর্নর হোকল জুনকে অভিবাসী হেরিটেজ মাস (Immigrant Heritage Month) হিসেবে ঘোষণা দিয়ে একটি ইস্তেহার জারি করেছেন।

"নিউ ইয়র্ক অনেক প্রজন্মের অভিবাসীদের কঠোর পরিশ্রম এবং সংকল্প দ্বারা গড়ে উঠেছে, এবং আমরা যারা নিজেদের ও নিজেদের পরিবারের জন্য আরো ভালো জীবন গঠনের চেষ্টা করছে আমরা তাদের সমর্থন করে যাবো," **গভর্নর হোকল বলেন।** "অভিবাসীদের অতি গুরুত্বপূর্ণ সেবা দিতে আজকের বিনিয়োগ সকলের জন্য একটি স্পষ্ট বার্তা পাঠায়: নিউ ইয়র্ক আপনাদের

স্বাগত জানায় ও উদযাপন করে। আমি আমাদের মহান স্টেটে অভিবাসীদের নিরাপদ, নিশ্চিত এবং সফলতার পথে থাকার জন্য তাদের প্রয়োজনীয় ব্যবস্থা তাদেরকে প্রদান করার কাজ অব্যাহত রাখতে চাই।"

"অভিবাসীদের প্রয়োজনীয় আইনি সেবা পাওয়ার জন্য অনুদান তহবিল প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্ক পরিবারগুলিকে একত্রে থেকে আমেরিকান স্বপ্ন অর্জনে কাজ করার সুযোগ প্রদান করছে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "আমাদের অভিবাসীরা নিউ ইয়র্ককে আমাদের দেশের মহান মিলনমেলা হিসেবে তৈরি করেছে এবং আমাদের উপর আরোপিত দায়িত্ব হলো আমাদের সবথেকে নতুন নিউ ইয়র্কবাসীরা যখন ন্যাচারালাইজেশন প্রক্রিয়ার মধ্যে দিয়ে যাবে তখন তাদের প্রয়োজনীয় আবেদন কাজের সহায়তা ও সমর্থন করা।"

স্টেটের সচিব রবার্ট জে. রদ্রিগেজ বলেন, "এই বছরের বর্ধিত তহবিল এই ব্যাপারটি স্পষ্ট করে যে গভর্নর হোকল নতুন আমেরিকানদের আমাদের স্টেটে মূল্যবান অবদান রাখার ব্যাপারে সফল হতে সাহায্য করার জন্য এবং একইসাথে অভিবাসন সেবার প্রয়োজনের স্বীকৃতি দানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এটি একটি বুদ্ধিমান বিনিয়োগ যা অভিবাসীদের সম্প্রদায়ভিত্তিক সেবাদানকারীদের একটি স্টেটব্যাপী নেটওয়ার্কের মাধ্যমে বিভিন্ন ধরনের সেবা পেতে ও গুছাতে সাহায্য করবে। আমরা আমাদের মহান স্টেটকে সেই সকলের জন্য আশার আলো বানাতে কাজ করে যাবো, যারা এটিকে নিজের বাড়ি বলে।"

অর্থবছর 23 এর বাজেটে ONA-র জন্য বর্ধিত তহবিল অফিসকে এর মুখ্য সেবাসমূহের অর্থায়ন অব্যাহত রাখতে দেয়, যেমন বিনামূল্যে আইনি সহায়তা, মানসিক স্বাস্থ্য সমর্থন, কর্মীবাহিনী বিকাশ, এবং ইংরেজি ভাষা শিক্ষা। এছাড়াও এটি ONA-কে বিশেষ প্রকল্প এবং পাইলট উদ্যোগের অর্থায়ন করার ক্ষমতা দিবে যা পরিবর্তনশীল ফেডারেল অভিবাসন পলিসির সরাসরি সাড়াদান করবে। পাশাপাশি, তহবিলটি সম্প্রদায়ের তাৎক্ষণিক প্রয়োজন মেটাতে সাহায্য করবে, যেমন দক্ষিণের সীমানা থেকে নিউইয়র্ক স্টেটে আসতে থাকা অভিবাসী ও শরণার্থীর বর্ধিত সংখ্যাকে, এবং একই সাথে সম্প্রতি আগত আফগান ও ইউক্রেনিয়ানদের সমর্থন।

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির নতুন আমেরিকানদের টাস্কফোর্সের (New York State Assembly Task Force on New Americans) প্রধান, অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন,"যেহেতু আরো বেশি অভিবাসী নিউ ইয়র্ককে নিজের বাড়ি বানাচ্ছে, তাই আমাদের জন্য তাদেরকে সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিকভাবে অন্তর্ভুক্ত হতে সাহায্যকারী কর্মসূচিগুলি সমর্থন ও জোরদার করা আমাদের জন্য আবশ্যক। অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ দল ONA এবং এর গুরুত্বপূর্ণ উদ্যোগসমূহের তহবিল বৃদ্ধি করার জন্য জোর লড়াই করেছে এবং যখন সার্বিক অভিবাসন সংশোধন প্রণয়নে আমাদের ফেডারেল সরকারের ব্যর্থতার কারণে অভিবাসন বিরোধী পলিসি ও মনোভাব অতি সাধারণ হয়ে যাচ্ছে তখন তারা সমর্থনের দৃঢ় স্বর হয়ে আছে। যখন আমরা অভিবাসী সম্প্রদায়গুলিকে সমর্থন করি, তখন আমরা এম্পায়ার স্টেটের সকল সম্প্রদায়কে বলিষ্ঠ করি। নতুন তহবিল ঠিক তাই করবে।"

৪.7 মিলিয়ন মার্কিন ডলার তহবিলটি 35টি নতুন সুযোগ কেন্দ্র খোলা এবং লিগ্যাল কাউন্সেল অনুদানকে সমর্থন করবে যাতে এই কর্মসূচিগুলির সাফল্যকে আরো অগ্রসর করা যায়,

কর্মসূচিগুলি ONA-র সূচনালগ্ন থেকে কার্যকর আছে। 2021 সালে, ONA সুযোগ কেন্দ্র এবং লিগ্যাল কাউন্সেল 28,797 জন ব্যক্তিকে বিভিন্ন ধরনের বিনামূল্যের সেবাদান করেছে, যার মধ্যে আছে আইনি সহায়তা এবং ন্যাচারালাইজেশন সমর্থন যা তাদের নাগরিকত্বের পথে স্থাপন করেছে। গত বছরে, ONA অর্থায়িত অ্যাটর্নিগণও স্টেটব্যাপী ক্লায়েন্টদেরকে জরুরি আইনি সমস্যা নিয়ে এবং একই সাথে আফগানসহ নতুন সম্প্রতি আগত যারা মহামারীর কারণে সংকটময় পরিস্থিতিতে আছে তাদেরকেও সহায়তা করতে অগ্রসর হয়েছে।

ONA সুযোগ কেন্দ্রসমূহ - সিভিকস বিনামূল্যে এবং গোপনে যেসকল সেবাদান করে:

- নাগরিকত্বের প্রস্তুতির ক্লাস
- অভিবাসন আবেদন সমর্থন
- অভিবাসন আইন পরামর্শ
- সম্প্রদায়ের কর্মশালা
- কর্মক্ষেত্রের রেফারেল

প্রায় 2.7 মিলিয়ন মার্কিন ডলার সুযোগ কেন্দ্র অনুদান প্রদান করা হচ্ছে নিচের অঞ্চলগুলির সংগঠনসমূহকে:

রাজধানী অঞ্চল
যে কাউন্টিতে সেবাদান করা হবে: অ্যালবানি
মার্কিন রিফিউজি এবং অভিবাসী কমিটি (U.S. Committee for Refugees and Immigrants)

সেন্ট্রাল নিউ ইয়র্ক
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ওনোন্ডাগা
ক্যাথলিক চ্যারিটিজ (Catholic Charities) সিরাকিউজ

ফিঙ্গার লেকস
যে কাউন্টিতে সেবাদান করা হবে: মনরো
ক্যাথলিক চ্যারিটিজ ফ্যামিলি এবং কমিউনিটি সার্ভিসেস (Catholic Charities Family and Community Services)

লং আইল্যান্ড
যে কাউন্টিতে সেবাদান করা হবে: নাসাউ
কেন্দ্রীয় আমেরিকান রিফিউজি কেন্দ্র (Central American Refugee Center, CARECEN)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: সাফোক
কেন্দ্রীয় আমেরিকান রিফিউজি কেন্দ্র (Central American Refugee Center, CARECEN)

মধ্য-হাডসন
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ডাচেস

ক্যাথলিক চ্যারিটিজ, NY আর্চডিওসেস (Archdiocese of NY)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: অরেঞ্জ
ক্যাথলিক চ্যারিটিজ, NY আর্চডিওসেস

যে কাউন্টিতে সেবাদান করা হবে: রকল্যান্ড
ক্যাথলিক চ্যারিটিজ, NY আর্চডিওসেস

যে কাউন্টিতে সেবাদান করা হবে: ওয়েস্টচেস্টার, ইয়োঙ্কার্সের বাইরে
মেক দ্য রোড নিউ ইয়র্ক (Make the Road New York)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: ওয়েস্টচেস্টার, ইয়োঙ্কার্সের বাইরে
নেইবার্স লিঙ্ক (Neighbors Link)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: ওয়েস্টচেস্টার, ইয়োঙ্কার্স
নেইবার্স লিঙ্ক (Neighbors Link)

মোহক ভ্যালি
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ওনিডা
দ্য সেন্টার (The Center)

নিউ ইয়র্ক সিটি
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ব্রঙ্কস
ক্যাথলিক চ্যারিটিজ, NY আর্চডিওসেস

যে কাউন্টিতে সেবাদান করা হবে: ব্রঙ্কস
মার্সি সেন্টার (Mercy Center)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: ব্রুকলিন
চাইনিজ-আমেরিকান পরিকল্পনা পরিষদ (Chinese-American Planning Council)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: ম্যানহাটন
চাইনিজ-আমেরিকান পরিকল্পনা পরিষদ (Chinese-American Planning Council)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: ম্যানহাটন
আন্তর্জাতিক উদ্ধার কমিটি (International Rescue Committee)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: কুইন্স
মেক দ্য রোড নিউ ইয়র্ক (Make the Road New York)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: কুইন্স
মিনকোন কমিউনিটি অ্যাকশন সেন্টার, ইনকর্পোরেশন (MinKwon Center for Community Action, Inc.)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: কুইন্স
কুইন্স কমিউনিটি হাউজ (Queens Community House)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: রিচমন্ড
মেক দ্য রোড নিউ ইয়র্ক (Make the Road New York)

সাউদার্ন টিয়ার
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ব্রুম
আমেরিকান সিভিক এসোসিয়েশন (American Civic Association)

যে কাউন্টিতে সেবাদান করা হবে: টম্পকিনস
ক্যাথলিক চ্যারিটিজ, টম্পকিনস/টিওগা

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ইরি
জেরিকো রোড কমিউনিটি হেলথ সেন্টার (Jericho Road Community Health Center)

ONA লিগ্যাল কাউন্সেলস বিনামূল্যে আইনি সেবা প্রদান করে যেমন:

- নিউ ইয়র্ক স্টেটের যেকোনো অভিবাসীর জন্য সরাসরি প্রতিনিধিত্ব
- ONA সুযোগ কেন্দ্রগুলিতে আইনি পরামর্শের দিনগুলি
- আইন সম্পর্কিত কর্মশালা এবং নিজের অধিকার জানার প্রশিক্ষণ

নিচের অঞ্চলগুলিতে এই সংগঠনগুলিকে লিগ্যাল কাউন্সেল অনুদান হিসেবে আনুমানিক 6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে:

ক্যাপিটাল রিজিয়ন
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ওয়ারেন্ট, ওয়াশিংটন, সারাটোগা, স্কেনেকট্যাডি, অ্যালবানি, গ্রিন, কলাম্বিয়া, রেনসেলার
ONA লিগ্যাল কাউন্সেল: ক্যাপিটাল ডিস্ট্রিক্ট উইমেন্স বার অ্যাসোসিয়েশন লিগ্যাল প্রোজেক্ট (Capital District Women's Bar Association Legal Project)

সেন্ট্রাল নিউ ইয়র্ক
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ওসওয়েগো, ওনোন্ডাগা, ম্যাডিসন, ক্যাইয়ুগা, কোর্টল্যান্ড
ONA লিগ্যাল কাউন্সেল: ফ্র্যাঙ্ক এইচ. হিসকক লিগ্যাল এইড সোসাইটি (Frank H. Hiscock Legal Aid Society)

ফিঙ্গার লেকস
যে কাউন্টিতে সেবাদান করা হবে: অর্লিন্স, জেনেসি, ওয়াইয়োমিং, লিভিংস্টোন, মনরো, অন্টারিও, সেনেকা, ইয়েটস, ওয়েইন
ONA লিগ্যাল কাউন্সেল: রচেস্টার লিগ্যাল এইড সোসাইটি, NY (The Legal Aid Society of Rochester, NY)

লং আইল্যান্ড
যে কাউন্টিতে সেবাদান করা হবে: নাসাউ, সাফোক
ONA লিগ্যাল কাউন্সেল: কেন্দ্রীয় আমেরিকান রিফিউজি কেন্দ্র (CARECEN)

মধ্য-হাডসন
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ওয়েস্টচেস্টার, পাটনাম, ডাচেস
ONA লিগ্যাল কাউন্সেল: নেইবার্স লিঙ্ক

যে কাউন্টিতে সেবাদান করা হবে: আলস্টার, সালিভান, অরেঞ্জ, রকল্যান্ড
ONA লিগ্যাল কাউন্সেল: ক্যাথলিক চ্যারিটিজ কমিউনিটি সার্ভিসেস, NY আর্চডিওসেস

মোহক ভ্যালি
যে কাউন্টিতে সেবাদান করা হবে: হারকাইমার, ফুলটন, মন্টগোমারি, স্কোহারি, ওটসেগো, ওনিডা
ONA লিগ্যাল কাউন্সেল: ফ্র্যাঙ্ক এইচ. হিসকক লিগ্যাল এইড সোসাইটি (Frank H. Hiscock Legal Aid Society)

নিউ ইয়র্ক সিটি
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ব্রঙ্কস, কিংস,রিচমন্ড, কুইন্স, নিউ ইয়র্ক
ONA লিগ্যাল কাউন্সেল: নিউ ইয়র্ক লিগ্যাল অ্যাসিস্টেন্স গ্রুপ (New York Legal Assistance Group, NYLAG)

নর্থ কান্ট্রি
যে কাউন্টিতে সেবাদান করা হবে: ক্লিনটন, এসেক্স, হ্যামিল্টন, ফ্র্যাঙ্কলিন, সেইন্ট লরেন্স, জেফারসন, লুইস
ONA লিগ্যাল কাউন্সেল: ফ্র্যাঙ্ক এইচ. হিসকক লিগ্যাল এইড সোসাইটি (Frank H. Hiscock Legal Aid Society)

সাউদার্ন টিয়ার
যে কাউন্টিতে সেবাদান করা হবে: স্টিউবেন, স্ক্যুইলার, টম্পকিনস, টিওগা, ব্রুম, শেনাঙ্গ, ডেলাওয়্যার, শেমাঙ
ONA লিগ্যাল কাউন্সেল: জার্নিস এন্ড রিফিউজি সার্ভিসেস (Journey's End Refugee Services)

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

যে কাউন্টিতে সেবাদান করা হবে: নায়াগ্রা, ইরি, শাটোকুয়া, ক্যাটারাগাস, অ্যালেগেনি
ONA লিগ্যাল কাউন্সেল: জার্নিস এন্ড রিফিউজি সার্ভিসেস

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকান্স, যা 2012 সালে প্রতিষ্ঠিত, হল দেশের প্রথম বিধিবদ্ধভাবে তৈরি অভিবাসী পরিষেবার অফিস। ONA সমস্ত নতুন আমেরিকানদের বিভিন্ন ধরনের বিনামূল্যের পরিষেবা অ্যাক্সেস এবং নেভিগেট করতে সহায়তা করে এবং সম্প্রদায়ভিত্তিক প্রদানকারীদের তার রাজ্যব্যাপী নেটওয়ার্কের মাধ্যমে সহায়তা করে।

সহায়তার প্রয়োজন এমন অভিবাসীদের জন্য বা ONA-এর প্রোগ্রামগুলির সাথে সংযোগ করতে, নিউ আমেরিকানস হটলাইনে কল করুন **1-800-566-7636** নম্বরে সকাল 9:00টা থেকে রাত 8:00টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার৷ সমস্ত কল গোপনীয় রাখা হয়। 200 টির বেশি ভাষায় সাহায্য পাওয়া যাবে। আরও তথ্যের জন্য https://dos.ny.gov/office-new-americans ONA কে টুইটারে অনুসরণ করুন @NYSNewAmericans এ বা ফেসবুকে।

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418